[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এখনও চলমান।

মামলার তদন্তকারী কর্মকর্তারা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। নথি ও সাক্ষ্য পর্যালোচনা শেষে আদালত এ রায় দেন।
রায় ঘোষণার পর আসামিদের কারাগারে পাঠানো হয়েছে।

গাংনীতে উপজেলা ও পৌর বিএনপির পরিচিতি সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে উপজেলা ও পৌর বিএনপির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল ১১টায় গাংনী ঈদগাহ ময়দানে এ পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আবদুল আওয়ালের সঞ্চালনায় ও উপজেলা বিএনপির সভাপতি আলফাজউদ্দীন কালুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

এছাড়াও উপস্থিত ছিলেন সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, রোমানা আহমেদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দীন মনা, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আবদাল হোসেন।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান সাতু, ইলিয়াস হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলামসহ জেলা, উপজেলা ও পৌর বিএনপির নেতাকর্মীরা।

অনুষ্ঠানে জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন গাংনী উপজেলা

ও পৌর বিএনপির পূর্ণাঙ্গ কমিটির নাম ঘোষণা করেন এবং তাদের ফুল দিয়ে বরণ করে নেন।

মেহেরপুরে সোনালী লাইফ ইন্স্যুরেন্সের মৃত্যুদাবী চেক প্রদান

মেহেরপুরে সোনালী লাইফ ইন্স্যুরেন্সের গ্রাহকের মৃত্যুদাবি চেক প্রদান করা হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর শহরের তাঁতীপাড়ায় এ উপলক্ষে দোয়া মাহফিল ও চেক প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। সোনালী লাইফ ইন্স্যুরেনন্সের মেহেরপুর মেট্টোর এফএ রওশন আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. এহান উদ্দিন মনা। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সোনালী লাইফ ইন্স্যুরেনন্সের মেহেরপুর মেট্টোর ইনচার্জ শরিফুল ইসলাম পলাশ। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক মহিলা কাউন্সিলর মনোয়ারা খাতুন, ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান জনি।

অনুষ্ঠানে গ্রাহক আসাদুল ইসলাম হঠাৎ হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তাঁর কাগজ পত্র জমাদান সাপেক্ষে মাত্র সাত কর্মদিবসের মধ্যে বীমা দাবির এক লক্ষ টাকার চেক হস্তান্তর করা হয় এবং মরহুমের আত্মার মাগফিরাত কামনাই দোয়ার মাফফিলের ব্যবস্থা করা হয়।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন, ফিন্যান্সিয়াল অ্যাসোসিয়েট জুবায়েদ আহমেদ শাম্মী। অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথি বৃন্দ তাদের বক্তব্যে সোনালী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড এর ভুয়সী প্রশংসা করেন।

একমাত্র শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের পরিবারের হাতেই বাংলাদেশ নিরাপদ -মাসুদ অরুণ

মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারে বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক এমপি মাসুদ অরুণের গণসংযোগ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল সাড়ে ৫ টায় বারাদী বাজারের ১ নং জেলা পরিষদ মার্কেট প্রাঙ্গণে সমাবেশ অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়ন বিএনপি আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়ন ও জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, আমঝুপি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও সদর থানা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, পিরোজপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও সদর থানা বিএনপি’র সাবেক সহ-সভাপতি শামসুল আলম, জেলা তাঁতী দলের সভাপতি আরজুল্লাহ রহমান বাবলু মাস্টার।

মাসুদ অরুণ তার বক্তব্যে বলেন, একমাত্র শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর পরিবারের হাতেই বাংলাদেশ নিরাপদ। হাসিনা ভারতের কাছে দেশ বিক্রি করতে চেয়েছিল, এখন শুনি অনেকেই গোপনে ভারতের সাথে যোগাযোগ করছে। তাই আমরা বিশ্বাস করি শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর পরিবারের কাছেই বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব নিরাপদ। আমরা বিশ্বাস করি বেগম খালেদা জিয়ার কাছেই এ দেশ নিরাপদ। বাংলাদেশ বিনির্মাণে আমরা ৩১ দফা কর্মসূচি দিয়েছি। এখানে কৃষকের কথা আছে, মেহনতী মানুষের কথা আছে, আমার মা বোনের কথা আছে, আমার ছাত্র-যুবকের কথা আছে, আমরা সেই ৩১ দফার ভিত্তিতে বৈষম্যহীন সমাজ রাষ্ট্র গড়ে তুলতে চাই।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির। এসময় উপস্থিত ছিলেন, জেলা ছাত্র দলের যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন, ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক লুলু, থানা কৃষক দলের সহ-সভাপতি বাদলসহ জেলা ও ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মী বৃন্দ।

মুজিবনগরে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরে বিনামূল্যে স্বাস্থ্য সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল থেকে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির আয়োজনে সমৃদ্ধি কর্মসূচির আওতায় মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে ভবের পাড়া গ্রামের স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে ভবরপাড়া গ্রামে ৩৪ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

চিকিৎসা সেবা প্রদান করেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মোহাম্মদ আ ফ ম মুনতাহি রেজা।

মেহেরপুরে মণ্ডপে নিয়োজিত স্বেচ্ছাসেবক ও আনসারদের উপহার বিতরণ

মেহেরপুরে শারদীয় দুর্গোৎসবকে ঘিরে পূজা মণ্ডপে নিয়োজিত স্বেচ্ছাসেবকদের মাঝে টি-শার্ট, নামাজের সময়সূচি ও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মোবাইল নম্বর সম্বলিত ব্যানার এবং দায়িত্ব পালনকারী আনসার সদস্যদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে শনিবার সকাল থেকে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম মেহেরপুরের বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শন করেন এবং এইসকল উপহার বিতরণ করেন।

এসময় তিনি শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, নায়েবাড়ি রাধা

মাধব মন্দির, শ্রী শ্রী হরিভক্তি প্রদায়ীনি পূজা মন্দির, বকুলতলা পূজা মন্দির, শ্রী শ্রী হরিজন বালক মন্দির, সদর উপজেলার গোভীপুর রায়পাড়া দুর্গাপূজা মণ্ডপসহ বিভিন্ন মন্দির পরিদর্শন করেন।

উপজেলা নির্বাহী অফিসার পূজা মণ্ডপগুলোর সভাপতি ও সাধারণ সম্পাদকদের সঙ্গে মতবিনিময় করেন এবং সবাইকে শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশে শারদীয় দুর্গোৎসব সম্পন্ন করার আহ্বান জানান

মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ আব্দুল জলিল আর নেই

মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ আব্দুল জলিল ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তিনি সদর উপজেলার আমঝুপি দক্ষিণ পাড়ার বাসিন্দা।

শনিবার সকাল ৮টার দিকে জাতীয় নিউরোসায়েন্স ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। সপ্তাহখানেক আগে তিনি ব্রেইন স্ট্রোকে আক্রান্ত হলে তাকে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে এবং পরে ঢাকার নিউরোসায়েন্স ইনস্টিটিউটে ভর্তি করা হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৭৩ বছর। তিনি স্ত্রী, দুই ছেলে, নাতি-নাতনিসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুম আব্দুল জলিল আমঝুপি এলাকায় শিক্ষাবিদ ও দানশীল হিসেবে পরিচিত ছিলেন। তিনি বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠায় ভূমিকা রেখেছেন।

শনিবার সন্ধ্যা ৭টায় আমঝুপি মাদ্রাসা সংলগ্ন করবস্থানের পাশে জানাযা শেষে দাফন করা হবে।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টার সময় সভাকক্ষে প্রেসক্লাবের সদস্যদের নিয়ে অনুষ্ঠিত এ সভায় সমসাময়িক বিভিন্ন বিষয়ে আলোচনা ও প্রেসক্লাব কেন্দ্রিক গুরত্বপূর্ণ সিদ্ধান্ত সদস্যদের সাথে আলোচনার মধ্য দিয়ে গ্রহণ করা হয়। সভায় আবেদনের প্রেক্ষিতে নতুন তিনজনকে সদস্যপদ অনুমোদন এবং একজন সদস্যকে অব্যহতি দেওয়া হয়।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুর সঞ্চালনায় এই সাধারণ সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও সদস্য ইয়াদুল মোমিন, সহ-সভাপতি আবু নাসের চৌধুরী সম্রাট, কোষাধ্যক্ষ দিলরুবা খাতুন, গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহীন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, সদস্য আমিরুল ইসলাম অল্ডাম, তোফায়েল হোসেন, রফিকুল আলম বকুল, শোমেল রানা, মুর্তজা ফারুক রূপক, মাসুদ রানা, শহিদুল ইসলাম, পাভেল হোসেন, খান মাহমুদ আল রাফি, কামরুল ইসলাম, এস এম তারেক ।

মেহেরপুরের আমঝুপি নূরাণী ও হাফিজীয়া মাদরাসায় অভিভাবক

সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি নূরাণী ও হাফিজীয়া মাদরাসায় অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত। আজ শনিবার (২৭ সেপ্টেম্বর) সকাল ১০ টাই মাদরাসার মাঠে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মদরাসার প্রধান শিক্ষক ওমর ফারুকের সঞ্চালনায় অভিভাবক সমাবেশের সভাপতিত্ব করেন হাজী মোঃ শামসুল হুদা শিশির। প্রধান অতিথি হিসেবে ছিলেন জহুরুল ইসলাম খান। বিশেষ অতিথি হিসেবে ছিলেন নুরুল ইসলাম মির, সাহাদুল ইসলাম কানায়, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের ক্রিয়া শিক্ষক শরীফ উদ্দিন, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষক আলহাজ্ব বশির আহম্মেদ এবং সাংবাদিক শহিদুল ইসলাম।

সমাবেশে বক্তব্য রাখেন মাদরাসার সহ-সভাপতি আসাদুজ্জামান লিটন, নুরুল ইসলাম এবং মাদরাসার সকল শিক্ষকবৃন্দ।

সমাবেশ শেষে মাদরাসা কতৃক ৫ জন হাফেজকে পুরস্কার দেওয়া হয়। ৫ জন হাফেজ হলেন, হাফেজ মোঃ আলভি, হাফেজ মোঃ লিমন, হাফেজ মোঃ সোলাইমান, হাফেজ মোঃ আব্দুর সামাদ ও হাফেজ মোঃ আবির।

পুরুষ্কার বিতরনী শেষে সমাবেশের সমাপ্তি ঘোষণা করা হয় সকল হাফেজ দের জন্য দোয়া করার মাধ্যমে।

মেহেরপুরে বিশ্ব পর্যটন দিবস পালন

মেহেরপুরে বিশ্ব পর্যটন দিবস ২০২৫ উপলক্ষে আলোচনা সভা ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৭ সেপ্টেম্বর) সকালে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভার আগে জেলা প্রশাসন চত্বর থেকে একটি র্যালি বের করা

হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

জেলা প্রশাসক ড. মুহাম্মদ আবদুল ছালাম সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, টুরিস্ট পুলিশের পরিদর্শক আরিফুল ইসলাম, জেলা বাস মালিক সমিতির আহ্বায়ক আলমগীর হোসেন ও জেলা রেস্তোর মালিক সমিতির সভাপতি হাফিজুর রহমান হাফি প্রমুখ।